গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নম্বর-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.২২-৯৫

তারিখ : ০৪ মাঘ ১৪৩০
১৮ জানুয়ারি ২০২৪

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মল্লিক রাশেদুল বারী ইবনে কুদ্দুস (পরিচিতি নম্বর ৩০০৩৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), সড়ক উপ-বিভাগ-২, নাটোর (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, শেরপুর সড়ক উপ-বিভাগ, বগুড়া) "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে ডিপিপি প্রণয়নের সাথে জড়িত ছিলেন;

যেহেতু, উক্ত প্রকল্পের ডিপিপি পর্যালোচনা সভায় দেখা যায় প্রকল্পটির প্রস্তাবিত এলাইনমেন্টের ১১টি মৌজাসহ সর্বমোট ১৪টি মৌজার নাম ডিপিপি প্রণয়নের সময় বাদ পরে ছিল। এছাড়া ৩টি মৌজা প্রয়োজনের অতিরিক্ত অন্তর্ভুক্ত হয়েছে। অতিরিক্ত অন্তর্ভুক্ত মৌজা (৩টি) বাদ দিয়ে বাদপড়া মৌজা (১৪টি) অন্তর্ভুক্তির কারণে ডিপিপি সংশোধন করে ভূমি অধিগ্রহণের প্রস্তাব করার প্রয়োজন হয়। উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে তিনি ডিপিপি প্রণয়নের সময় এর অঙ্গসমূহ সঠিকভাবে যাচাই করেন নি। যথাযথভাবে প্রকল্পের ডিজাইন না হওয়ায় পরবর্তীতে রিজিড পেভমেন্ট, রিটেইনিং ওয়াল এবং ব্রিক টো ওয়ালের পরিমাণ বৃদ্ধি পায়;

যেহেতু, ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়নের কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ এনে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করতঃ কেন তাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কি-না কিংবা তার বক্তব্যের মাধ্যমে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জনানোর জন্য ০৮/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখের জবাবে নিজের ভুল স্বীকার করে অনিচ্ছাকৃত ভুলের জন্য দুঃখ প্রকাশ করে বিষয়টি ক্ষমার দৃষ্টিতে দেখার অনুরোধ করেন এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করায় গত ১১ অক্টোবর ২০২২ তারিখে শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ (২) (ঘ) মোতাবেক এ বিভাগের সিনিয়র সহকারী সচিব, জনাব আব্দুল্লাহ-আল-মাসুদ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মল্লিক রাশেদুল বারী ইবনে কুদ্দুস (পরিচিতি নম্বর ৩০০৩৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), সড়ক উপ-বিভাগ-২, নাটোর (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, শেরপুর সড়ক উপ-বিভাগ, বগুড়া) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে উল্লেখপূর্বক গত ২৭-১১-২০২২ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তার পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩) (১) অনুযায়ী কেন গুরুদন্ড আরোপ করা হবে না সে মর্মে ২য় কারণ দর্শানো হয়। তিনি ২য় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। ২য় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করে পুনরায় শুনানী গ্রহণ করা হয়। তার আলোকে ডিপিপি পর্যালোচনা করা হয়;

যেহেতু, ডিপিপি প্রণয়নের পূর্বে কোনো সমীক্ষা করা হয়নি। ডিপিপি প্রণয়নের ০৫ (পাঁচ) বছর পর কাজ শুরু করার পর বাস্তব কারণে রিজিড পেভমেন্ট, রিটেইনিং ওয়াল নির্মাণ হ্রাস বৃদ্ধি পেয়েছে এবং এই হ্রাস বৃদ্ধির কাজটি একটি কমিটির সুপারিশের প্রেক্ষিতে করা হয়েছে। এ দুটি অভিযোগ যথাযথ হয়নি তাই শাস্তিযোগ্য নয় মর্মে বিবেচিত হয়;

অঃপৃঃদ্রঃ-

যেহেতু, ভূমি অধিগ্রহণের সময় বাদ পরা ৫.২৩ একর ভূমি পূর্বে এল এ কেইস নম্বর ১৫/সওজ/২০০২ এর অধীনে অধিগ্রহণ হয়েছে অনুমান করে প্রথম অধিগ্রহণ থেকে বাদ দেয়া হয়। পরবর্তীতে জানা যায় এল এ কেইস সৃষ্ট হলেও ৫.২৩ একর ভূমি পূর্বে অধিগ্রহণ করা হয়নি। তিনি প্রাক্কলন যাচাই না করে অতি মাত্রায় সার্ভেয়ারের প্রস্তুতকৃত প্রাক্কলনের উপর নির্ভর করে ডিপিপিতে স্বাক্ষর করেছেন;

যেহেতু, নিজে সরেজমিনে না দেখে অতিমাত্রায় সার্ভেয়ারের প্রতিবেদনের উপর নির্ভর করা যথাযথ হয়নি তা দায়িত্ব অবহেলার পর্যায়ে পরে যা গুরুদন্ড আরোপের মতো অসদাচরণ নয়;

যেহেতু, তার এ ধরণের কার্যক্রমে সরকারের কোনো আর্থিক ক্ষতি হয়নি, দায়িত্ব অবহেলার বিষয়টি গুরুদন্ড আরোপযোগ্য নয়। সবোর্পরি সমীক্ষা ছাড়া ডিপিপি প্রণয়নের কারণে পরবর্তীতে সংশোধনের প্রয়োজন হয়;

সেহেতু, এক্ষণে জনাব মল্লিক রাশেদুল বারী ইবনে কুদ্দুস (পরিচিতি নম্বর ৩০০৩৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), সড়ক উপ-বিভাগ-২, নাটোর (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, শেরপুর সড়ক উপ-বিভাগ, বগুড়া) এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি অনুযায়ী জারিকৃত কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করে গুরুদন্ড আরোপের কোনো ক্ষেত্র না থাকায় এবং বর্তমানে তিনি অবসরে থাকায় ও তার দ্বারা সরকারের কোনো অর্থের অপচয় না হওয়ায় একই বিধিমালার বিধি ৬(২) অনুযায়ী তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৮.১.২০২৪

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নম্বর: ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.২২-১৫ /১(১৪)

তারিখ : ০৪ মাঘ ১৪৩০ / ১৮ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৬. যুগ্মসচিব (প্রশাসন উইং), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৮. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল)
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. জনাব মল্লিক রাশেদুল বারী ইবনে কুদ্দুস (পরিচিতি নম্বর ৩০০৩৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), সড়ক উপ-বিভাগ-২, নাটোর
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, নাটোর।

২৫.০১.২০২৪
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪

সিনিয়র সিস্টেম এনালিস্ট
ডায়রি নং (১)
তারিখ ২৫/০১/২৪